# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২২১. ভালো বন্ধু থাকার গুরুত্ব

মনযোগ দেয়ার মতো, আনন্দ-বেদনা ভাগাভাগী করে নেয়ার মতো এবং ভালোবাসা বিনিময় করার মতো একজন সাহায্যকারী ও প্রিয় ভাই থাকা প্রত্যেক মুসলমানের প্রয়োজন।

وَاجْعَل لِي وَزِيرًا مِنْ أَهْلِي ـ هَارُونَ أَخِي ـ اشْدُدْ بِهِ أَزْرِي ـ وَأَشْرِكْهُ فِي أَمْرِي ـ كَيْ نُسَبِّحَكَ كَثِيرًا ـ وَنَذْكُرَكَ كَثِيرًا

এবং আমার পরিবার থেকে আমার জন্য একজন সাহায্যকারী নিয়োগ দিন। আমার ভাই হারুনকে (নিয়োগ দিন)। তার দ্বারা আমার শক্তি বৃদ্ধি করুন এবং তাকে আমার কাজে শরীক করুন যাতে আমি বেশি করে আপনার পবিত্রতা ও মহিমা ঘোষণা করতে পারি এবং বেশি করে আপনার জিকির করতে পারি।” (২০-সুরা ত্বাহাঃ আয়াত-২৯-৩৪)

“তারা একে অপরের বন্ধু (রক্ষাকারী, সাহায্যকারী)” (৫-সূরা ময়িদাঃ আয়াত-৫১)

“যারা আল্লাহর পথে সুদৃঢ় প্রাচীরের মতো সারিবদ্ধভাবে জিহাদ করেন, আল্লাহ তাঁদেরকে ভালোবাসেন।” (৬১-সূরা আস সাফফঃ আয়াত-৪)

“এবং তিনি তাদের অন্তরের মাঝে প্রীতি স্থাপন করেছেন।” (৮-সূরা আনফালঃ আয়াত-৬৩)

“মু’মিনরা তো শুধুমাত্র ভাই ভাই।” (৪৯-সূরা হুজুরাতঃ আয়াত-১০)

আমাদের আলোচ্য বিষয়টি এ পুস্তকের বিষয়বস্তুর সাথে যথাযথ হয়েছে কেননা, একজন ভালো ও যোগ্য বন্ধু মনে আনন্দ বয়ে আনে।

أَيْنَ الْمُتَحَابُّونَ بِجَلاَلِي ؟ الْيَوْمُ أُظِلُّهُمْ فِي ظِلِّي يَوْمَ لا ظِلَّ إِلا ظِلِّي

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, আল্লাহ বলেছেন- “আমার মর্যাদার (ভালবাসার) কারণে যারা একে অপরকে ভালোবাসতো তারা কোথায়? আজকের দিন- যেদিন আমার আরশের ছায়া ছাড়া অন্য কোন ছায়া নেই- আমি তাদেরকে আমার আরশের ছায়ায় স্থান দিয়ে ছায়া দিব।”

Source — https://www.hadithbd.com/books/link/?id=7729

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন